গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি সেল
www.motj.gov.bd

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১২৩.৯৯.০১১.১৯.৩৬

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯
১২ অক্টোবর ২০২২

বিষয়: **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকরণ সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ ছক মোতাবেক পূরণপূর্বক মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসাথে প্রেরণ করা হল।

সংযুক্তি: উদ্ভাবনী ধারণা ও ডিজিটাল সেবার ডাটাবেজ।

১২-১০-২০২২
মোঃ আমিনুল ইসলাম
প্রোগ্রামার ও সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ০২৯৫৪৫৯২২
ইমেইল: programmer@motj.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১২৩.৯৯.০১১.১৯.৩৬/১(২)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯
১২ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
২) ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র অনুবিভাগ, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

১২-১০-২০২২
মোঃ আমিনুল ইসলাম
প্রোগ্রামার






*সর্ব-শেষ হাল-নাগাদ: ১ সেপ্টেম্বর ২০২২*


# ইত: পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা , সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ


ইত: পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা , সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ :


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়/বিভাগের নাম: বস্ত্র ও পাট মন্ত্রণালয়


বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেব্যার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | **অনলাইন আইসিটি সল্যুশন সিস্টেমঃ** | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আইসিটি সাপোর্ট ও সল্যুশন সিস্টেম সফটওয়্যার টির লিংক দেয়া হয়েছে। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ আইসিটি সাপোর্ট ও সল্যুশন সিস্টেম ব্যবহার করে অনলাইনে ক্যাটাগরিভিত্তিক (কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার, ই-নথি, ওয়েবমেইল, ইন্টারনেট, এন্টিভাইরাসসহ) অন্যান্য আইসিটি সংশ্লিষ্ট সমস্যার বিবরণ লিখে সাবমিট করছেন। তা দেখে আইসিটি শাখা হতে দ্রুত আইসিটি সাপোর্ট প্রদান করা হচ্ছে। মন্ত্রণালয়ের আইসিটি শাখা সার্বক্ষণিক উক্ত সফটওয়্যারটির সার্ভার ব্যবস্থাপনা মনিটরিং ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম নিয়মিত পরিচালনা করা হচ্ছে। অধিকন্তু মন্ত্রণালয়ের বছরভিত্তিক আইসিটি সম্পর্কিত বিভিন্ন সমস্যার বিস্তারিত | | | http://onlineict.alimzaman.live/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | বিবরণ উক্ত সফটওয়্যারটির মাধ্যমে পাওয়া যাচ্ছে এবং গ্রাফিকেল ডাটা এন্যালাইসিস রিপোর্ট দেখা যাচ্ছে। এতে উদ্ভূত অধিকতর সমস্যাসমূহ নির্ণয়ের মাধমে সমাধান প্রক্রিয়া আরও গতিশীল করা সম্ভব হচ্ছে এবং এতে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীর ভোগান্তি শূন্যে নেমে এসেছে।   | | | | |
| ০২. | **অনলাইন সিটিজেন চার্টার অভিযোগ সিস্টেমঃ** | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে সিটিজেন চার্টার অভিযোগ সিস্টেম ই-সার্ভিস চালু করা হয়েছে। এই ই-সার্ভিসের মাধ্যমে সাধারণ নাগরিক এবং মন্ত্রণালয়ের কোনো শাখা/অধিশাখা এবং অধীনস্থ দপ্তর/সংস্থার কোনো কার্যক্রম সম্পর্কে কারও কোনো অভিযোগ থাকলে তা সেখানে দাখিল করা যায়। ফলে কোথাও কোনো দূর্নীতি অথবা কোনো কার্যে যদি কেউ অসদুপায় অবলম্বন করে থাকে তাহলে তা দ্রুত জানা সম্ভব হবে এবং তা দূরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যাবে। এর ফলে সরকারের "দূর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স"নীতি বাস্তবায়ন করা সহজতর হবে।    | | | http://motjesheba.byethost11.com/index.html | |
| | **অনলাইন বিদেশ প্রশিক্ষণ ডাটাবেজঃ** | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অনলাইন বিদেশ প্রশিক্ষণ ডাটাবেজ সেবা বক্স তৈরি করা হয়েছে। ফলে সকল বিদেশ প্রশিক্ষণ, প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণের দেশ এবং প্রশিক্ষণের সময়সূচী সম্পর্কে দ্রুততম সময়ে ধারণা পাওয়া যাচ্ছে। এতে পদবী ভিত্তিক সার্চ অপশানের ব্যবস্থাও রয়েছে যাতে যেকোনো কর্মকর্তা/কর্মচারী তার বিদেশ প্রশিক্ষণ সম্পর্কিত যেকোনো তথ্য সহজেই কম সময়ে জানতে পারছে। | | | http://trainingdb.alimzaman.live/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | <br> | | | | |
| | ই-লাইব্রেরী ম্যানেজমেন্ট সিস্টেমঃ | তথ্য প্রযুক্তি ভিত্তিক ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের সহায়ক হিসেবে মন্ত্রণালয়ের লাইব্রেরী ব্যবস্থাপনা আরও যুগোপযোগী করার নিমিত্ত ই-লাইব্রেরী ম্যানেজমেন্ট সিষ্টেম সফটওয়্যার তৈরি করা হয়েছে । যার মাধ্যমে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের লাইব্রেরীতে কি কি বই আছে তার তালিকা জানা সম্ভব হচ্ছে। অনলাইনে মন্ত্রণালয় সংশ্লিষ্ট আইন, বিধি ও নীতিমালা সমূহ পড়া যাচ্ছে। লাইব্রেরী সংক্রান্ত ব্যবস্থাপনা যেমন সহজ হবে তেমনি ওয়েবে কন্টেন্ট থাকার কারণে পাঠক সংখ্যাও বৃদ্ধি পাবে। উক্ত সফটওয়্যারটির লিং অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ই-ব্যবস্থাপনা-২ সেবাবক্সে প্রদান করা হয়েছে।<br><br> | | | | |
| | অনলাইনে বাসা বরাদ্দের আবেদনঃ | বাংলাদেশ বরাদ্দ বিধিমালা অনুসারে সরকারি আবাসন বরাদ্দ প্রদান করা হয়। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মচারিগণ উক্ত বাসা বরাদ্দের জন্য বর্তমানে নির্দিষ্ট আবেদন ফরমে হার্ড কপিতে আবেদন করে থাকেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে মন্ত্রণালয়ের প্রশাসন শাখা হতে আবেদনসমূহ গ্রহণ করা হয়। পরবর্তীতে আবেদনসমূহ যাচাই বাছাই সম্পন্ন করা হয় এবং তা সুপারিশসহ সরকারি আবাসন পরিদপ্তরে প্রেরণ করা হয়। এই প্রক্রিয়াকে সহজিকরণের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে অনলাইনে বাসা বরাদ্দের আবেদনের একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। উক্ত ডিজিটাল সেবাটি ব্যবহার করে কর্মচারিগণ খুব সহজেই বাসা বরাদ্দের আবেদন অনলাইনেই সম্পন্ন করতে পারছেন। এতে সময় এবং খরচের সাশ্রয় হচ্ছে। ফলে | | | http://motjonlinebasa.com/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ডিজিটাল সার্ভিসটি ব্যবহার করে সেবাগ্রহীতাগণ বিশেষভাবে উপকৃত হচ্ছেন।   | | | | |
| | "ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম" | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখায় একটি Store (ভান্ডার) রয়েছে। এতে দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য প্রায় ১৫০ (একশত পঞ্চাশ) এর উপরে মালামাল রয়েছে। Store (ভান্ডার) এ ম্যানুয়াল পদ্ধতিতে মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মজুদ করা হয়। এ পদ্ধতিতে জরুরী প্রয়োজনে তাৎক্ষনিক মালামালের পরিমান ও মূল্য প্রদান করা জটিল ও সময় সাপেক্ষ। এছাড়াও ম্যানুয়াল পদ্ধতিতে ভান্ডার ব্যবস্থাপনায় বিভিন্ন ধরনের ভুলত্রটি ও অনিয়ম হওয়ার সম্ভাবনা থাকে। ভান্ডার ব্যবস্থাপনায় **ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম** এর কার্যক্রমটি বাস্তবায়ন করা হলে এর মাধ্যমে ভান্ডারের যাবতীয় মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মালামালের অবস্থা খুব সহজেই পাওয়া যাবে। এতে একদিকে Store (ভান্ডার) এ মালামালের ঘাটতি হবে না অন্যদিকে মালামাল গ্রহনকারী সমাপনী মালামালের মজুদের অবস্থা বিবেচনা করে তাঁর মালামালের রিকুইজেশন দিতে পারবেন। সর্বোপরি **ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম** বাস্তবায়ন করা হলে ভান্ডার ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং TCV কমবে। | | | https://motjdigitalstore.gov.bd/login | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | |  | | | | |

Share with :

সাইটটি শেষ হাল-নাগাদ করা হয়েছে: ২০২২-১০-০২ ০৯:৩২:১৭

পরিকল্পনা ও বাস্তবায়নে: মন্ত্রিপরিষদ বিভাগ, এটুআই, বিসিসি, ডিওআইসিটি ও বেসিস।

কারিগরি সহায়তায়: